

# যুগান্তর

## দোয়ারাবাজারে অধ্যক্ষ লাঞ্চিত কক্ষ ভাংচুর

প্রকাশ : ১১ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



দোয়ারাবাজার (সুনামগঞ্জ) প্রতিনিধি

সুনামগঞ্জের দোয়ারাবাজারে শিক্ষার্থীদের হাতে শারীরিকভাবে লাঞ্চিত হয়েছেন ঘিলাছড়া স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ একেএম মুজিবুর রহমান। এ সময় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা অফিস কক্ষের দরজা-জানালা ভাংচুর করে ভেতরে ঢুকে অধ্যক্ষকে ঘণ্টাখানেক অবরুদ্ধ করে রাখে। পরে ক্লাস বর্জন করে অধ্যক্ষের অপসারণের দাবিতে স্থানীয় নরসিংপুর বাজারসহ আশপাশের এলাকাজুড়ে বিক্ষোভ মিছিলে ফেটে পড়ে শিক্ষার্থীরা। ঘটনাটি ঘটেছে শনিবার সকাল ১১টার দিকে। শিক্ষার্থীরা জানায়, দীর্ঘদিন ধরে লেখাপড়ার ফাঁকে অবসরকালীন সময়ে স্কুল অ্যান্ড কলেজ মাঠে খেলাধুলা, শরীরচর্চাসহ সাংস্কৃতিক অনুষ্ঠানের অনুমতি চেয়ে অধ্যক্ষ বরাবরে আমরা একাধিকবার আবেদন করি। কিন্তু অনুমতি না দিয়ে বরং উল্টো আমাদের অকথ্য ভাষায় প্রায়ই গালমন্দ করে থাকেন অধ্যক্ষ মুজিবুর রহমান। শেষমেষ ম্যানেজিং কমিটির সভাপতি অধ্যক্ষ একরামুল হককে বিষয়টি জানালে তিনিও আমাদের তুচ্ছ-তাচ্ছিল্য করে বিষয়টি এড়িয়ে যান। অপরদিকে, ক্লাস চলাকালীন সহসা অসুস্থতাজনিত কারণে ছুটি চাইলে অধ্যক্ষ আমাদের কাছে বখশিস দাবি করে বসেন। লেখাপড়ায় সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে আমরা তার অপসারণ চাই।

এ ব্যাপারে জানতে চাইলে তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ অস্বীকার করে অধ্যক্ষ একেএম মুজিবুর বলেন, প্রাতিষ্ঠানিক কর্মকাণ্ডে আমার অভিজ্ঞতা দেখে ঈর্ষান্বিত হয়ে একটি বিশেষ মহল আমার বিরুদ্ধে উঠেপড়ে লেগেছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।